15

দৈঃ জনকণ্ঠ

তারিখ 6 JUL 1996
পৃষ্ঠা ১০ কলাম ৩

# টাঙ্গাইলের দেড় হাজার গ্রামে স্কুল নেই

**টাঙ্গাইল, ৫ জুন (নিজস্ব সংবাদদাতা)।**- জেলার ১১টি থানার দেড় সহস্রাধিক গ্রামে সরকারী-বেসরকারী কোন প্রকার প্রাথমিক বিদ্যালয় নেই। হাজার হাজার শিশু-কিশোর এ কারণে শিক্ষা থেকে বঞ্চিত হয়ে বিভিন্ন অপরাধের সাথে বেড়ে উঠছে। ফলে জেলায় শিক্ষার হার আনুপাতিক হারে না বেড়ে, বরং কমে যাচ্ছে। খবর সংশ্লিষ্ট সূত্রের।

জেলা পরিসংখ্যান অফিসের এক তথ্যে জানা গেছে, টাঙ্গাইলে মোট গ্রামের সংখ্যা হচ্ছে ২ হাজার ৬শ' ১টি। এর মধ্যে ৯শ' ৭৮টি গ্রামে সরকারী বেসরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে। বাকি গ্রামগুলোতে কোন বিদ্যালয় নেই। এ কারণে জেলায় সর্বজনীন প্রাথমিক শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে বাধাগ্রস্ত হয়ে পড়েছে। হাজার হাজার শিশু-কিশোর পড়ালেখা থেকে বঞ্চিত হচ্ছে। দেড় সহস্রাধিক গ্রামে প্রাথমিক বিদ্যালয় না থাকায় প্রায় ৩ লাখ ৭৫ হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। থানাওয়ারী যে ক'টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে তার একটি পরিসংখ্যান নিম্নরূপ— মির্জাপুর থানায় ২শ' ৩১টি গ্রামের মধ্যে ১শ' ১৩টি গ্রামে সরকারী প্রাথমিক বিদ্যালয়, বাসাইল থানায় ১শ' ২৭টি গ্রামের মধ্যে ৫৫টি গ্রামে প্রাথমিক বিদ্যালয়, ভূঁয়াপুর থানার ১শ' ৬১টি গ্রামের মধ্যে ৫৯টি গ্রামে প্রাথমিক বিদ্যালয়, ঘাটাইল থানার ৪শ' ২৭টি গ্রামের মধ্যে ১শ'টি গ্রামে প্রাথমিক বিদ্যালয়; গোপালপুর থানায় ১শ' ৯২টি গ্রামের মধ্যে ৮১টি গ্রামে প্রাথমিক বিদ্যালয়; মধুপুর থানায় ৩শ' ৩৪টি গ্রামের মধ্যে ৮৮টি গ্রামে প্রাথমিক বিদ্যালয়, নাগরপুর থানার ৩শ'টি গ্রামের মধ্যে ২শ' ১টি গ্রামে প্রাথমিক বিদ্যালয়; টাঙ্গাইল সদর থানায় ৩শ' ৩টি গ্রামের মধ্যে ১শ' ৫৭টি গ্রামে প্রাথমিক বিদ্যালয়, কালিহাতী থানায় ২শ' ৭৮টি গ্রামের মধ্যে ১শ' ১টি গ্রামে প্রাথমিক বিদ্যালয়; সখিপুর থানায় ৯৩টি গ্রামের মধ্যে ৭১টি গ্রামে প্রাথমিক বিদ্যালয় রয়েছে। দেলদুয়ার থানার হিসাব জানা যায়নি।